

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭২৩

১/ বিবিধ

আরবী

أنا شفيع لكل رجلين تحابا في الله، من مبعثي إلى يوم القيامة  
موضوع

أخرجه أبو نعيم في " الحلية " ( 1 / 368 ) من طريق عمرو بن خالد الكوفي: حدثنا أبو هاشم الرماني عن زاذان أبي عمر الكندي عن سلمان قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا إسناد موضوع، أفته عمرو بن خالد هذا، فقد كذبه أحمد ويحيى والدارقطني وغيرهم، وقال وكيع: " كان في جوارنا يضع الحديث، فلما فطن له تحول إلى واسط ".

قلت: ثم رواه عنه كذاب آخر، ووضع له إسنادا آخر، وهو يحيى بن هاشم، فقال: حدثنا أبو خالد الواسطي عن زيد بن علي عن أبيه علي عن جده الحسين عن علي بن أبي طالب رضي الله عنه، قال: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. أخرجه تمام في " الفوائد " ( 12 / 219 / 2 ) . قلت: وأبو خالد الواسطي، هو عمرو بن خالد الكذاب، الذي في الطريق الأولى، ويحيى بن هاشم هو أبو زكريا السمسار الغساني الكوفي، كذبه ابن معين وصالح جزرة، وقال ابن عدي: " كان ببغداد يضع الحديث، ويسرقه ". والحديث أورده السيوطي في " زوائد الجامع الصغير " من رواية أبي نعيم فقط عن سلمان

বাংলা

১৭২৩। আমাকে প্রেরণ করা হতে কিয়ামত দিবস পর্যন্ত আমি প্রত্যেক সেই দু'ব্যক্তির জন্য সুপারিশকারী যে পরস্পরকে আল্লাহর অয়াস্তে ভালোবেসেছে।

হাদীসটি বানোয়াট।

এটিকে আবু নুয়াইম "আলহিলইয়াহ" গ্রন্থে (১/৩৬৮) আমার ইবনু খালেদ কুফী সূত্রে আবু হাশেম রুমানী হতে, তিনি যাযান আবু উমার কিন্দী হতে, তিনি সালমান (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে আমার ইবনু খালেদ। তাকে ইমাম আহমাদ, ইয়াহইয়া, দারাকুতনী প্রমুখ মিথ্যুক আখ্যা দিয়েছেন। অকী' বলেনঃ তিনি আমাদের প্রতিবেশী ছিলেন, হাদীস জাল করতেন ...।

আমি (আলবানী) বলছিঃ অতঃপর তার থেকে হাদীসটিকে অন্য এক মিথ্যুক বর্ণনা করে তার দ্বিতীয় আরেকটি সনদ বানিয়ে ফেলেন। আর তিনি হচ্ছেন ইয়াহইয়া ইবনু হাশেম। তিনি বলেনঃ আবু খালেদ অসেতী আমাদেরকে হাদীসটি বর্ণনা করে শুনিয়েছেন যায়েদ ইবনু 'আলী হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হুসাইন (রাঃ) হতে, তিনি আলী ইবনু আবু তালেব (রাঃ) হতে, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

এটিকে তাম্মাম "আলফাওয়াইদ" গ্রন্থে (১২/২১৯/২) বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আবু খালেদ অসেতী হচ্ছেন মিথ্যুক আমার ইবনু খালেদ, যিনি প্রথম সূত্রে রয়েছে। আর ইয়াহইয়া ইবনু হাশেম হচ্ছেন আবু যাকারিয়া সিমসার গাসসানী কুফী। তাকে ইবনু মাজীন ও সালেহ জাযারাহ মিথ্যুক আখ্যা দিয়েছেন। আর ইবনু আদী বলেছেনঃ তিনি বাগদাদে হাদীস জাল করতেন এবং হাদীস চুরি করতেন।

হাদীসটিকে সুযুতী "ফাওয়াইদুল জামেউস সাগীর" গ্রন্থে সালমান (রাঃ) হতে শুধুমাত্র আবু নুয়াইমের বর্ণনায় উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72606>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন